

রেকর্ডসংখ্যক পর্যটকের আশায় সাগরকন্যা কুয়াকাটা

- A Monitor Desk Report

Date: 25 September, 2023



পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) আগামী বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর) হওয়ায় সাপ্তাহিক বন্ধও ঢুকে পড়েছে ছুটির তালিকায়। স্কুল-কলেজ থেকে অফিস-আদালতে ছুটি থাকবে টানা তিন দিন। এ সুযোগে পরিবার ও বন্ধুদের নিয়ে ঘুরতে যাওয়ার পরিকল্পনা করেছেন অনেকেই। এতে সূর্যোদয়-সূর্যাস্তের লীলাভূমিখ্যাত সাগরকন্যা কুয়াকাটায় হোটেল-মোটেল বুকিংয়ের হিড়িক পড়েছে।

শনিবার (২৪ সেপ্টেম্বর) পর্যন্ত এখানের আবাসিক হোটেলগুলোর ৭০ শতাংশ কক্ষ বুকড হয়ে গেছে। ছুটির মৌসুমের শুরুতেই রেকর্ডসংখ্যক পর্যটকের আশা করছেন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা।

টুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব কুয়াকাটার (টোয়াক) প্রেসিডেন্ট রুমান ইমতিয়াজ তুষার বলেন, আগামী ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কুয়াকাটায় থাকা প্রথম শ্রেণির হোটেলগুলোর ৮০ থেকে ৯০ শতাংশ এবং দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির হোটেলগুলোর প্রায় ৬০ শতাংশ কক্ষ এরই মধ্যে বুকড হয়ে গেছে। পদ্মা সেতু উদ্বোধনের আগে সেপ্টেম্বর-অক্টোবর মাসে এত বুকিং আমরা কখনোই পাইনি। এ ছাড়া শীত মৌসুমের শুরুতে যে বুকিং পাচ্ছি, তাতে আগামী পর্যটন মৌসুমজুড়ে অনেক পর্যটক কুয়াকাটায় আসবেন বলে মনে হচ্ছে।

আরও পড়ুন: [সেন্টমার্টিন ভ্রমণে নতুন নিয়ম - দিতে হবে নির্ধারিত ফি](#)

হোটেল রেইন ড্রপসের পরিচালক দীপংকর দিপু বলেন, ২৮ ও ২৯ সেপ্টেম্বর দু'দিনের এরই মধ্যে আমাদের ৯০

শতাংশ এবং ৩০ তারিখের ৮০ শতাংশ কক্ষ বুকড হয়ে গেছে। আশা করি, আগামী কয়েক দিনের মধ্যে শতভাগ বুকিং হয়ে যাবে। অনেক পর্যটক ফোন দিচ্ছেন, তাদের চাহিদামতো কক্ষ দিতে পারছি না।

কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের তথ্য অনুসারে কুয়াকাটায় ছোটবড় মিলিয়ে ১৭০টির বেশি হোটেল রয়েছে। এগুলোর ধারণক্ষমতা ১৫ থেকে ২০ হাজার পর্যটক। ছুটির দিনগুলোয় অসংখ্য পর্যটক আসার কারণে অনেকে পার্শ্ববর্তী বাসাবাড়ি ও গাড়ির ভেতরে রাত্রিযাপন এবং অনেকে সারাদিন ভ্রমণ শেষে রাতেই ফিরে যান।

কুয়াকাটা হোটেল-মোটেল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের সভাপতি ইব্রাহিম ওয়াহিদ বলেন, আমরা সামনের ছুটিকে কেন্দ্র করে বড় আকারের বুকিং পাচ্ছি। গত শীত মৌসুমের পর সবচেয়ে বেশি পর্যটক পাওয়ার আশা করা হচ্ছে।

আরও পড়ুন: [সাজেকে পর্যটক সুবিধা বাড়াতে আসছে প্রকল্প](#)

ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা জোনের পরিদর্শক হাসনাইন পারভেজ জানান, তিন দিনের ছুটিতে অসংখ্য পর্যটক কুয়াকাটা সমুদ্রসৈকতে ঘুরতে আসবেন। তাদের নিরাপত্তায় আগে থেকেই ট্যুরিস্ট পুলিশের কয়েকটি দল মোতায়েন থাকবে।

-B